দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজে নবীন বরণ অনুষ্ঠান

দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজে নবীন বরণ ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়েছে। চুয়াডাঙ্গা-২ আসনের সাংসদ হাজি আলী আজগার টগর এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরুষ্কার তুলে দেন।

এ উপলক্ষে মঙ্গলবার বেলা ১১ টার দিকে কলেজ প্রাঙ্গনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন এমপি আলী আজগার টগর।

তিনি কলেজ শুরু থেকে এ পর্যন্ত সার্বিক চিত্র তুলে ধরে বলেন, এই কলেজে কিছুই ছিলনা। আজকে আপনারা যে বিল্ডিং দেখছেন তা ২০০৮ সালে আওয়ামী লীগ রাষ্ট্রীয় ক্ষমতায় আসার পর করা হয়েছে। অনার্স কোর্স চালু করা হয়েছে। তিনি তার শিক্ষা জীবনের স্মৃতিচারণ করে বলেন, আমরা যখন স্কুলে পড়েছি তখন স্কুলে বেঞ্চ পর্যন্ত ছিলনা। বাঁশের কাবারী দিয়ে ঘিরে ক্লাসরুম করা হয়েছে। আজ সবই আছে। এখন তোমাদেন একমাত্র কাজ মন দিয়ে লেখা পড়া করা। অন্যথায় প্রতিযোগিতায় টিকে থাকতে পারবেনা। তোমাদের সুশিক্ষায় শিক্ষিত হতে হবে। গুরুজনদের শ্রদ্ধা করতে হবে। তোমাদের কাছে পরিবারের অনেক প্রত্যাশা। সুশিক্ষায় শিক্ষিত হয়ে তোমরাই স্মার্ট বাংলাদেশ গড়ে তুলবে।

প্রভাষক মিল্টন কুমার সাহা ও মরিয়ম মারুর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, কলেজ গভর্নিং বডির সভাপতি দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম। উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষ জিন্নাত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কলেজ গভর্নিং

বডির সদস্য আবু সাইদ খোকন, গভর্নিং বডির সদস্য ইসমাইল হোসেন, ফারুক হোসেন, নিশান তরফদার । সার্বিক সহযোগিতায় ছিলেন সহকারী অধ্যাপক মাওলানা রফিকুল ইসলাম, রবিউল ইসলাম, আনিছুজ্জামান মল্লিক, জহির উদ্দিন, প্রভাষক শরীফুল ইসলাম মিঠু, ক্রীড়া শিক্ষক বশীর আহমেদসহ অন্যান্য শিক্ষকবৃন্দ।

দামুড়হুদায় আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষে রবিবার সকাল সাড়ে ৯ টার দিকে কলেজ প্রাঙ্গনে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু। তিনি বেলুন উড়িয়ে ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী ও দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ।

উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবিব, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, প্রচার ও প্রকাশনা সম্পাদক মশিউর রহমান, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, সহকারী উপজেলা শিক্ষা অফিসার নাসির উদ্দীন, শাহরিয়ার কবির,

উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা রিয়াজুল ইসলাম, কলেজ গভর্নিং বডির সদস্য আশাবুল হক, বাবুল হোসেন নিশান তরফদার, শরীফুল আলম শরীফ, টুটুল শাহ।

শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন দ্বাদশ শ্রেণির ছাত্র হাফিজুর রহমান। শপথ পাঠ করান সাখাওয়াত হোসেন। মশাল হাতে মাঠ প্রদক্ষিন করেন একাদশ শ্রেণির শিক্ষার্থী জান্নাতুল ফেরদৌস ও শারমিন খাতুন। খেলা পরিচালনা করেন ক্রীড়া শিক্ষক বশীর আহমেদ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন প্রভাষক মিল্টন কুমার সাহা ও মরিয়ম মারু।